দৈনিক ইত্তেফাক

তারিখ 23 OCT 1994

পৃষ্ঠা ১০ কলাম ৭

15

# শিক্ষার বিনিময়ে খাদ্য ॥ ইউনিয়ন নির্বাচনে অনিয়ম

ইত্তেফাক রিপোর্ট ॥ সরকার নির্দেশিত থানা শিক্ষা কমিটির বাছাইকৃত ইউনিয়নসমূহের মধ্যে নাম না থাকিলেও ফরিদপুর জেলায় সদর ও ভাঙ্গা থানার ২টি ইউনিয়নকে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর অন্তর্ভুক্ত করা হইয়াছে। ইউনিয়ন ২টি হইল ডিক্রীরচর ও ভাঙ্গা ইউনিয়ন পরিষদ। শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর অধীনে দ্বিতীয় পর্যায়ে প্রতিটি থানা হইতে একটি করিয়া ইউনিয়ন নির্বাচনের জন্য সম্প্রতি থানা শিক্ষা কমিটির মাধ্যমে শিক্ষা ও অর্থনৈতিকভাবে অপেক্ষাকৃত অনগ্রসর ৪/৫টি করিয়া ইউনিয়নের নাম বাছাই করিয়া জেলা প্রশাসকের নিকট পাঠাইতে বলা হয়। জেলা প্রশাসক সংশ্লিষ্ট জেলার কর্ম সমন্বয়ের দায়িত্ব প্রাপ্ত মন্ত্রীর সহিত পরামর্শক্রমে বাছাইকৃত ইউনিয়নগুলির মধ্য হইতে প্রতিটি থানার জন্য একটি করিয়া ইউনিয়নের নাম সংশ্লিষ্ট বিভাগে পাঠাইলে চূড়ান্ত ভাবে ইউনিয়ন নির্বাচন করা হয়। কিন্তু ফরিদপুর সদর ও ভাঙ্গা থানায় ইউনিয়ন নির্বাচনের ক্ষেত্রে থানা শিক্ষা কমিটির সুপারিশ মানা হয় নাই।